

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ  
পার্সোনেল সেবা শাখা  
www.ictd.gov.bd

স্মারক নম্বর- ৫৬.০০.০০০০.০১৫.১১.০২১.১৯-১১০৪

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬  
০৪ ডিসেম্বর ২০১৯

**অফিস আদেশ**

নিম্নোক্ত প্রার্থীদের জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১৬ নং গ্রেডে (টাকা ৯,৩০০-২২,৪৯০) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের "অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক" এর শূন্যপদে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

ক্রম.	রোল নম্বর	প্রার্থীর নাম ও পিতার নাম	নিজ জেলা	স্থায়ী ঠিকানা
১.	OACT-30	নাম: ইসতিয়াক আহমেদ পিতার নাম: মোঃ আব্দুল খালেক সরকার	বগুড়া	গ্রাম: দড়িপাড়া, ডাকঘর: পল্লি উন্নয়ন একাডেমী- ৫৮৪২; উপজেলা: শেরপুর, জেলা: বগুড়া
২.	OACT-170	নাম: নজরুল ইসলাম পিতার নাম: সিরাজুল ইসলাম	মাদারীপুর	গ্রাম: আলীপুর, ডাকঘর: এনায়েত নগর-৭৯২০, উপজেলা: কালকিনি, জেলা: মাদারীপুর

**শর্তসমূহ**

- নিয়োগ প্রাপ্তির পর চাকরি প্রারম্ভিকভাবে ০২ (দুই) বছর শিক্ষানবিসকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিসকালে চাকরি কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত না হলে শিক্ষানবিসকাল আরো বর্ধিত করা হবে;
- প্রার্থীকে নিজ জেলা বা ঢাকা জেলার সিভিল সার্জন কর্তৃক 'চাকরিতে যোগদানের উপযুক্ত' মর্মে এবং প্রার্থী মাদকাসক্ত কি না তা পরীক্ষাপূর্বক (ডোপ টেস্ট) স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে;
- চাকরিতে যোগদানের সময় আবেদনপত্রে উল্লিখিত সব সনদের মূলকপি এবং কোটার প্রাধিকারপ্রাপ্ত কর্মচারীগণ কোটার স্বপক্ষে সনদের মূলকপি দাখিল করবেন। দাখিলকৃত কোন একটি সনদ ভুয়া প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করা হবে;
- শিক্ষানবিসকালে চাকরি সন্তোষজনক না হলে কোন প্রকার কারণ ব্যাখ্যা ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় চাকরিচ্যুত করার অধিকার সংরক্ষণ করে;
- প্রার্থীকে যোগদানের পর পরই পুলিশ প্রতিপাদন (Verification) ফরম পূরণ করে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে। প্রতিপাদন প্রতিবেদনে কোন তথ্য অসত্য প্রমাণিত হলে বা সন্তোষজনক না হলে এ নিয়োগ বাতিল করা হবে;
- চাকরির বিষয়ে সরকারের চাকরি সংক্রান্ত সংশ্লিষ্ট সকল বিধি-বিধান প্রযোজ্য হবে;
- আবেদনপত্রে উল্লিখিত নিজ জেলা সম্পর্কিত তথ্য বা অন্য কোন তথ্য অসত্য প্রমাণিত হলে এ নিয়োগ বাতিল করা হবে;
- আগামী ১৫ ডিসেম্বর ২০১৯ তারিখ পূর্বাহ্নে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে তাঁকে যোগদান করতে নির্দেশনা প্রদান করা হলো। উক্ত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

(রাজা মুহম্মদ আব্দুল হাই)  
উপসচিব

☎: ০২-৮১৮১৩৩১ (অফিস)

✉: [razahye6676@gmail.com](mailto:razahye6676@gmail.com)

স্মারক নম্বর- ৫৬.০০.০০০০.০১৫.১১.০২১.১৯-১১০৪

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৬  
০৪ ডিসেম্বর ২০১৯

**অনুলিপি; সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো:**

- অতিরিক্ত সচিব (সাধারণ সেবা), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
- সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আগারগাঁও, ঢাকা
- প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- হিসাবরক্ষণ কর্মকর্তা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা
- জনাব.....

(রাজা মুহম্মদ আব্দুল হাই)  
উপসচিব